# ১২ ঘণ্টার জন্য প্যারোলে মুক্তি পেলেন দীপু মনি




ছবি: সংগৃহীত

সাবেক সমাজকল্যাণমন্ত্রী ও সাবেক সংসদ সদস্য ডা. দীপু মনিকে ১২ ঘণ্টার জন্য প্যারোলে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তার মেয়ে তানি দিপাবলি নেওয়াজের আবেদনের পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার (২০ আগস্ট) সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত এ মুক্তি দেওয়া হয়েছে।

দীপু মনির স্বামী ব্যারিস্টার তৌফিক নেওয়াজের মৃত্যুর পর শেষকৃত্যে অংশ নেওয়ার জন্য প্যারোলে মুক্তির আবেদন করা হয়।

মুন্সীগঞ্জের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো. রেজাউল করিম বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, আইনজীবীর মাধ্যমে আবেদন পাওয়ার পর দীপু মনিকে ১২ ঘণ্টার জন্য প্যারোলে মুক্তির অনুমতি দেওয়া হয়েছে। এর আগে চার দিনের প্যারোল চেয়ে আবেদন করা হয়েছিল।

দীপু মনির আইনজীবী গাজী ফয়সাল ইসলাম জানান, বুধবার দুপুরে তার মেয়ে কারাগারে গিয়ে মায়ের সঙ্গে দেখা করেন। পরে সেখান থেকে বের হয়ে দুপুর পৌনে ২টার দিকে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে প্যারোলের আবেদন জমা দেন। আবেদনটি অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রেজাউল করিমের কাছে দেওয়া হয়। এরপর ১২ ঘণ্টার প্যারোল মঞ্জুর করা হয়।

এদিকে বাবার মরদেহ ঢাকায় রেখে মায়ের প্যারোলের জন্য বুধবার সকাল থেকেই মুন্সীগঞ্জে বিভিন্ন দপ্তরে যোগাযোগ করছিলেন দিপাবলি। দীপু মনি প্যারোলে মুক্তি পাওয়ার পরই ব্যারিস্টার তৌফিক নেওয়াজের মরদেহ দাফনের প্রস্তুতি নেওয়া হবে বলে জানা গেছে।

বর্তমানে দীপু মনি মুন্সীগঞ্জ জেলা কারাগারে রয়েছেন।

উল্লেখ্য, দীপু মনির স্বামী ব্যারিস্টার তৌফিক নেওয়াজ মঙ্গলবার (১৮ আগস্ট) রাতে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।

কারা কর্তৃপক্ষ জানিয়েছিল, প্যারোলে মুক্তির আবেদন পাওয়া গেলে প্রচলিত নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।